



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি
তারিখ: ১১ জানুয়ারি ২০২৫

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে ১১ জানুয়ারি ২০২৫ তারিখ শনিবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট দ্বিতীয়বারের মতো দেশব্যাপী লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আয়োজন করছে। এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে মাতৃভাষা চর্চা, প্রচার ও প্রসার ঘটানো ইনস্টিটিউটের মূল লক্ষ্য। সকাল ১০:০০ টায় জাতীয় পতাকা উত্তোলন করেন প্রধান অতিথি ও রাজশাহী জেলার সম্মানিত জেলা প্রশাসক জনাব আফিয়া আখতার এবং জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সংগীত পরিবেশনের পর বেলুন ও ফেস্টুন উড়িয়ে লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড রাজশাহী পর্বের শুভ উদ্বোধন করেন অধ্যাপক মু. যহর আলী, অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী। উদ্বোধনী পর্বে আরও উপস্থিত ছিলেন সম্মানিত অতিথি অধ্যাপক মুহম্মদ আলমগীর, নাট্যকলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবুল কালাম অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) এবং সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রফেসর মোহা: আছাদুজ্জামান, পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী এবং আঞ্চলিক উপকমিটির সদস্যবৃন্দ। স্বাগত বক্তব্য প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব আবুল কালাম এবং সভাপতিত্ব করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান। অনুষ্ঠান সঞ্চালনা করেন লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড এর সদস্য-সচিব ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ আবদুল কাদের। অতিথিবৃন্দের বক্তব্যের পর প্রথম পর্বের আনুষ্ঠানিকতা শেষ হয়।



এ অনুষ্ঠানে রাজশাহী অঞ্চলের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি ক) ক্যাটেগরিতে ১২২ জন এবং দশম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি খ) ক্যাটেগরিতে ১৯৭ জন শিক্ষার্থী এবং সর্বমোট ৩১৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। সকাল ১১:০০ ঘটিকা থেকে ১২:০০ ঘটিকা পর্যন্ত অংশগ্রহণকারী শিক্ষার্থীরা ০১ ঘণ্টা ব্যাপী লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-এর নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করেন। লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-এর মূল্যায়ন ও ফলাফল ঘোষণা পর্বে ভাষাবিজ্ঞানী ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের অধ্যাপক মুহম্মদ আলমগীর; জনাব মোঃ আবদুল কাদের, উপপরিচালক, আমাই; অধ্যাপক মু. যহর আলী, অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী কলেজ প্রমুখ প্রশ্নোত্তরপর্ব ও উন্মুক্ত আলোচনা পরিচালনা করেন। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান বলেন, ভাষা মানুষের পরম সম্পদ। মাতৃভাষা চর্চার মধ্য দিয়েই একটি জনগোষ্ঠি তার মনন, মেধা ও চিন্তা প্রকাশ করে। পৃথিবীতে অনেক মাতৃভাষা বিপন্ন অবস্থায় রয়েছে এসব ভাষা সঠিকভাবে চর্চা না করলে তা মৃত্যুমুখে পতিত হবে। কাজেই বিপন্ন ভাষা চর্চা, অনুশীলন, পুনরুজ্জীবন, নথিবদ্ধকরণ আবশ্যিক। লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আয়োজনের লক্ষ্য বিশ্বের প্রতিটি মাতৃভাষা চর্চাকে উৎসাহিত করা। মাতৃভাষা হারিয়ে যাওয়া মানে ঐ ভাষার কৃষ্টি, সংস্কৃতি ও সভ্যতা বিলিন হয়ে যাওয়া। ভাষা বিজ্ঞানীদের অনুমান আগামী ৫০/৬০ বছরের মধ্যে বিশ্বের শতকরা ৯০% ভাষা পৃথিবী থেকে হারিয়ে যাবে। ভাষা হোক সবার মত প্রকাশের স্বাধীনতার ভাষা। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এ কাজটি করে যাচ্ছে।



সম্মানিত অতিথি ও অন্যান্য অতিথিবৃন্দের বক্তব্যের পর লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড এর সদস্য-সচিব এবং উপপরিচালক (প্রশাসন) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট জনাব মোঃ আবদুল কাদের বলেন, রাজশাহী, খুলনা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, নারায়ণগঞ্জ, কুমিল্লা ও ঢাকা অঞ্চল থেকে ক-ক্যাটেগরিতে ১০ জন করে মোট ৮০ জন এবং খ- ক্যাটেগরিতে ১০ জন করে মোট ৮০ জন ফাইনাল রাউন্ডে আগামী ১২/০২/২০২৫ তারিখ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ঢাকায় অনুষ্ঠিতব্য প্রতিযোগিতায় অংশ নিবে। ফাইনাল রাউন্ডে ২ ক্যাটেগরিতে ৩ জন করে মোট ৬ জন মাননীয় প্রধান উপদেষ্টার নিকট থেকে একুশের অনুষ্ঠানমালায় পুরস্কার গ্রহণ করবেন বলে প্রত্যাশা করা যায় এবং এই ৬জন এ বছর অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক লিঙ্গুইস্টিক অলিম্পিয়াডে অংশগ্রহণের সুযোগ পাবেন। সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের পর অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ে বিভিন্ন প্রশ্ন করে। আমন্ত্রিত অতিথিবৃন্দ শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর প্রদান করে ফলাফল ঘোষণা করেন এবং সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।



স্বাক্ষরিত/-

১১/০১/২০২৫

(মোঃ আবদুল কাদের)

উপপরিচালক

(প্রশাসন, প্রচার, তথ্য ও জনসংযোগ)

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

ফোন: ০২-৮৩৯১৫৯৫

ই-মেইল: abdukkader789@gmail.com